



রাজনীতিমুক্ত, সৎ সেনা অফিসাররাই পদোন্নতির দাবিদার: সেনাসদর পর্ষদে প্রধান উপদেষ্টা



প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনুস: সংগৃহীত ছবি

সেনাবাহিনীর পদোন্নতিতে রাজনৈতিক মতাদর্শের ঊর্ধ্বে থেকে সততা, পেশাদারিত্ব ও নেতৃত্বের গুণাবলীকে প্রধান মানদণ্ড হিসেবে দেখার আহ্বান জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস। সেনাসদর নির্বাচনী পর্ষদ ২০২৫-এর উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি।

সেনাবাহিনীর কর্মকাণ্ডে পেশাদারিত্ব ও আদর্শিক নিরপেক্ষতা বজায় রাখার ওপর জোর দিয়ে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস বলেছেন, "সৎ, নীতিবান, পেশাদার, নেতৃত্বগুণে সমৃদ্ধ এবং রাজনৈতিক মতাদর্শের ঊর্ধ্বে থাকা অফিসাররাই প্রকৃতপক্ষে পদোন্নতির যোগ্য।"

রোববার (২০ জুলাই) সকালে অনুষ্ঠিত সেনাসদর নির্বাচনী পর্ষদ ২০২৫-এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্যকালে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি অভ্যন্তরীণ নিরাপত্তা, স্থিতিশীলতা বজায় রাখা এবং দুর্যোগ মোকাবেলায় সেনাবাহিনী যে ভূমিকা রাখছে, তা প্রশংসনীয়। "প্রয়োজনে দেশের জন্য ত্যাগ স্বীকারে সেনাবাহিনীর প্রতিটি সদস্য, বিশেষ করে সেনাপ্রধানের নেতৃত্ব, অনন্য উদাহরণ তৈরি করেছে"—বলেই বাহিনীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি।

অনুষ্ঠানে পৌঁছালে প্রধান উপদেষ্টাকে স্বাগত জানান সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। অনুষ্ঠান শেষে তিনি সেনা কর্মকর্তাদের সঙ্গে ফটোসেশনে অংশগ্রহণ করেন এবং পরিদর্শন বইয়ে মন্তব্য লিপিবদ্ধ করেন।